

## উচ্চশিক্ষা

### দেশের আরও তিনটি মাধ্যমিক বিদ্যালয় সরকারি হলো

নিজস্ব প্রতিবেদক ঢাকা

আপডেট: ১১ মার্চ ২০২৫, ১৩: ৪৯



শিক্ষা মন্ত্রণালয় ফাইল ছবি

দেশের আরও তিনটি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করা হয়েছে। সরকারি ঘোষণা করা তিনটি শিক্ষাপ্রতিষ্ঠান হলো চট্টগ্রামের পাঁচলাইশ উপজেলার আমিন জুট মিলস উচ্চবিদ্যালয়, খুলনার খালিশপুর উপজেলার ক্রিসেন্ট মাধ্যমিক বিদ্যালয় ও রাজশাহী জেলার পবা উপজেলার রাজশাহী পাটকল উচ্চবিদ্যালয়। আমিন জুট মিলস উচ্চবিদ্যালয় ‘আমিন জুট মিলস সরকারি উচ্চবিদ্যালয়’, ক্রিসেন্ট মাধ্যমিক বিদ্যালয় ‘ক্রিসেন্ট সরকারি মাধ্যমিক বিদ্যালয়’ ও রাজশাহী পাটকল উচ্চবিদ্যালয় ‘রাজশাহী সরকারি পাটকল উচ্চবিদ্যালয়’ নামে সরকারি করা হলো।

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, প্রচলিত বিধিবিধানের আলোকে ওই তিন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের আত্তীকরণ করা হবে। আত্তীকৃত শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর চাকরি বদলিযোগ্য হবে না।

---

